দৈনিক
ইনকি[illegible]ব

তারিখ ... 20 MAR 2009
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪ ...

# এইচএসসি পরীক্ষা ১৬ এপ্রিল : পরীক্ষার্থী ৬ লাখ ১৮ হাজার

## *অনিয়ম-গাফলতি হলে কঠোর ব্যবস্থা -শিক্ষামন্ত্রী*

স্টাফ রিপোর্টার

দশ শিক্ষাবোর্ডের অধীনে আগামী ১৬ এপ্রিল শুরু হচ্ছে এইচএসসি ও সমমানের পরীক্ষা। এবারের পরীক্ষায় অংশ নেবে ৬ লাখ ১৮ হাজার ৩০৮ পরীক্ষার্থী। গত বছর পরীক্ষায় অংশ নিয়েছিল ৬ লাখ ২০ হাজার ২০জন। পরীক্ষার সার্বিক পরিস্থিতি নিয়ে গতকাল (রোববার) মন্ত্রণালয়ে শিক্ষামন্ত্রী নুরুল পৃঃ ১২ কঃ ৫

## এইচএসসি পরীক্ষা ১৬ এপ্রিল

*১৬-এর পৃষ্ঠার পর*

ইসলাম নাহিদ বৈঠক করেন বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানদের সাথে। চেয়ারম্যানরা শিক্ষামন্ত্রীকে পরীক্ষা প্রস্তুতি সম্পর্কে জানান। বৈঠকে আইন শৃঙ্খলা রোধ, নকল মুক্ত পরিবেশ, সব কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক প্রশ্নপত্র প্রেরণ, পরিদর্শক নিয়োগসহ সার্বিক প্রস্তুতি নিয়ে আলোচনা হয়।

সভায় গত পরীক্ষায় দেশের কয়েকটি কেন্দ্রে প্রশ্নপত্র কম থাকায় বিষয়টি তুলে ধরা হয়। তাই এবারের পরীক্ষায় কোন সমস্যা না হয় সে বিষয়ে চেয়ারম্যানদের সতর্ক থাকার নির্দেশ দেন মন্ত্রী। মন্ত্রী বলেন, এবারের পরীক্ষা নিয়ে কোন গাফিলতি বা অবহেলা মেনে নেয়া হবে না। কারো বিরুদ্ধে এমন অভিযোগ পাওয়া গেলে কঠোর ব্যবস্থা নেয়া হবে।

এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয়া পরীক্ষার্থীর মধ্যে সাধারণ আট শিক্ষাবোর্ডে ৪ লাখ ৮৪ হাজার ৭৩৩ জন, কারিগরি বোর্ডের অধীনে এইচএসসি (বিএম) পরীক্ষায় ৬৪ হাজার ২২১ জন, মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় অংশ নেবে ৬৯ হাজার ৩৫৪ জন। এবারের ১০ শিক্ষাবোর্ডে পরীক্ষা কেন্দ্র ১ হাজার ৯১৯ টি এবং মোট প্রতিষ্ঠান ৭ হাজার ২৩৭ টি। সভায় শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমান, অতিরিক্ত সচিব মোজাম্মেল হোসেন খান প্রমুখ উপস্থিত ছিলেন।